# আজ সুপ্রিম কোর্ট সচিবালয় উদ্বোধন ২৫ বছর পর স্বাধীন প্রশাসন



সংগৃহীত ছবি

আজ প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদ সুপ্রিম কোর্ট সচিবালয় উদ্বোধন করবেন। দীর্ঘ ২৫ বছর পর বিচার বিভাগ নির্বাহী বিভাগ থেকে পৃথক হয়ে নিজস্ব প্রশাসনিক ভবন পেয়ে স্বতন্ত্রভাবে কাজ শুরু করছে।

সুপ্রিম কোর্ট সচিবালয় আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করছে রাজধানীর প্রশাসনিক ভবন–৪ এর দুটি কক্ষে। প্রধান বিচারপতির নেতৃত্বে এটি দেশের বিচার বিভাগকে দ্বৈত শাসনের জটিলতা থেকে মুক্তি দিচ্ছে।

গত ৩০ নভেম্বর সরকার 'সুপ্রিম কোর্ট সচিবালয় অধ্যাদেশ ২০২৫' জারি করে। এই অধ্যাদেশের মাধ্যমে অধস্তন আদালত ও প্রশাসনিক ট্রাইব্যুনালের তত্ত্বাবধানসহ সব প্রশাসনিক ও সচিবিক দায়িত্ব সচিবালয়ের মাধ্যমে পরিচালিত হবে।

LENS ASIA

প্রধান বিচারপতি ইতিমধ্যেই আট সদস্যবিশিষ্ট 'পরিকল্পনা ও উন্নয়ন কমিটি' এবং পদ সৃজন কমিটি গঠন করেছেন। এছাড়া, ৭ ডিসেম্বর ৪৮৯ জন কর্মকর্তা ও কর্মচারীর নিয়োগের মাধ্যমে সচিবালয়ের কার্যক্রমের প্রস্তুতি সম্পন্ন হয়েছে। বর্তমানে সুপ্রিম কোর্টের রেজিস্ট্রার জেনারেল মোহাম্মদ হাবিবুর রহমান সিদ্দিকী সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন।

সুপ্রিম কোর্ট সচিবালয়ের প্রতিষ্ঠার মাধ্যমে দেশের বিচার বিভাগ অবশেষে স্বতন্ত্র ও স্বাধীন প্রশাসন শুরু করতে পারছে, যা বিচার সংশ্লিষ্টরা গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে মনে করছেন।